দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 03 1999
পৃষ্ঠা ১১ কলাম ৬

# ছাত্রীদের উপবৃত্তি চালু করার দাবী

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ ঠাকুরগাঁও সি, এম, আইয়ুব বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের উপবৃত্তির টাকা প্রদান ও সেইসাথে স্কুলের প্রাপ্য টিউশন ফি এক বৎসর যাবৎ বন্ধ থাকায় গরীব ছাত্রীদের স্কুলে আসা বন্ধের উপক্রম হইয়াছে। অন্যদিকে স্কুলটিও আর্থিক সংকটে পড়িয়াছে। স্কুল পরিচালনা কমিটি অবিলম্বে ছাত্রীদের উপবৃত্তি ও টিউশন ফি প্রদান করার জন্য দাবী জানাইয়াছেন।

উল্লেখ্য, উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তদন্ত করেন এবং তদন্তে ৮৫ হাজার ৯৪০ টাকার অনিয়ম সনাক্ত করেন। ইহার পর প্রধান শিক্ষক বজলুর রহমানের বেতনের সরকারী অংশ বন্ধ করা হয় ও তাঁহাকে সতর্ক করা হয়।